

১১ দফা দাবি সারা দেশে শিক্ষক কর্মচারীদের বিক্ষোভ

যুগান্তর ডেস্ক

বেসরকারি শিক্ষক-কর্মচারীরা তাদের কল্যাণ ও অবসর ভাতা ১০ ভাগ কাটার সিদ্ধান্ত প্রত্যাহার, পাঁচ ভাগ ইনক্রিমেন্ট, বৈশাখী ভাতাসহ পূর্ণাঙ্গ উৎসব ভাতা প্রদান এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান-জাতীয়করণের দাবিতে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও মানববন্ধন করেছেন। দেশব্যাপী আন্দোলন কর্মসূচির অংশ হিসেবে রোববার জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের আয়োজনে এ কর্মসূচি পালিত হয়। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—

জামালপুর : বিক্ষোভ মিছিল জেলা শহরের দয়াময়ী মোড় থেকে বের হয়ে বকুলতলা চত্বর গিয়ে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। সমাবেশে বক্তৃতা করেন— অধ্যক্ষ আবদুল হামিদ, অধ্যক্ষ একেএম মোস্তাফিজুর রহমান মুক্তা, আমির উদ্দিন, রজব আলী, নওশের আলী, ফজলুর রহমান প্রমুখ।

সিরাজগঞ্জ : কাজীপুর উপজেলা চত্বরে বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধে সাবেক আরআইএম ডিগ্রি কলেজের অধ্যক্ষ আবদুল মান্নানসহ বিভিন্ন কলেজের

■ পৃষ্ঠা ১৫ : কলাম ১

সারা দেশে শিক্ষক কর্মচারীদের বিক্ষোভ

(৩য় পৃষ্ঠার পর)

অধ্যক্ষরা বক্তৃতা করেন।

বড়াইখাম, গুল্লাশপুর, বাগাতিপাড়া, লালপুর ও সিংড়া (নাটোর) : বড়াইখাম উপজেলা পরিষদ চত্বরে বিক্ষোভ সমাবেশ বক্তৃতা করেন ওয়াসেক আলী সোনা, শিবদাস সান্যাল, মাহবুবুর রহমান, আবদুল কাদের খান প্রমুখ। এ সময় উপজেলা চেয়ারম্যান ডা. সিদ্দিকুর রহমান পাটোয়ারী শিক্ষকদের আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করে বক্তৃতা করেন। ওয়াসেকপুরে মানববন্ধন ও উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছেন শিক্ষকরা। বাগাতিপাড়া উপজেলা পরিষদ চত্বরে পাঁচ শতাধিক শিক্ষক-কর্মচারী বিক্ষোভ মিছিলে অংশ নিয়ে মালকিবাড়ার প্রদক্ষিণ করেন। লালপুর উপজেলা পরিষদ চত্বরে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। সিংড়া উপজেলা চত্বরে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। এতে বক্তৃতা করেন অধ্যক্ষ মুনত্বুর রহমান, আবদুল আওয়াল, গোলাম মহিউদ্দিন টিপু প্রমুখ।

দেওয়ানগঞ্জ (জামালপুর) : দেওয়ানগঞ্জ উপজেলায় বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন এমএম মেমোরিয়াল ডিগ্রি কলেজের অধ্যক্ষ আনিছুর রহমান চৌধুরি। অন্যদের মধ্যে বক্তৃতা করেন উপাধ্যক্ষ আবদুল মুন্সারফ ও শামীমুল ইসলাম প্রমুখ।

গফরগাঁও (ময়মনসিংহ) : গফরগাঁও উপজেলা শহরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করা হয়। সমাবেশে বক্তৃতা করেন উপাধ্যক্ষ শরিফুল ইসলাম, ফেরদৌস আহমেদ খান, মেজবাহ উদ্দিন, মতিউর রহমান আবুল প্রমুখ।

বাউফল (পটুয়াখালী) : বিক্ষোভ মিছিল ও সমাবেশ কর্মসূচি পালন করেছে বাউফল উপজেলার সব

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকরা। সমাবেশে বক্তৃতা করেন অধ্যক্ষ মোতোজ বেগম বগা, উপাধ্যক্ষ সৈয়দ এনামুল হক, জসীম উদ্দিন, ফরিদ উদ্দিন প্রমুখ।

নাগরপুর (টাঙ্গাইল) : টাঙ্গাইলের নাগরপুরে শিক্ষকদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। নাগরপুর মহিলা ডিগ্রি কলেজ প্রাঙ্গণ থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে উপজেলা সানিডেল কিস্তারগাটে এক সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

বাঘা (রাজশাহী) : বাঘা উপজেলার ৫৭টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী বিক্ষোভ মিছিল শেষে সমাবেশ করেন। বিক্ষোভটি উপজেলা চত্বর থেকে শুরু করে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে সমাবেশে মিলিত হয়। সমাবেশে বক্তৃতা করেন অধ্যক্ষ নসিম উদ্দিন, সিদ্দিকুর রহমান, আবুল ইসলাম প্রমুখ।

গাইবান্ধা : গাইবান্ধায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। অধ্যক্ষ মো. আবদুল কাদেরের সভাপতিত্বে জেলা শহরের মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভ চত্বরে সমাবেশে বক্তৃতা করেন— অধ্যক্ষ একরামুল হক খান, মো. মধু মিয়া, মোহাম্মদ আলী প্রমুখ।

ঝালকাঠি : ঝালকাঠি জেলা শহরে প্রেস রুগবের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। এমএ বায়েজিদের সভাপতিত্বে সমাবেশে বক্তৃতা করেন মহসিন-উল ইসলাম হাবুল, রেজাউল করিম, মো. ফিরোজ আহমেদ প্রমুখ।

পাথরঘাটা (বরগুনা) : পাথরঘাটায় কলেজ শিক্ষকরা বিক্ষোভ মিছিল করেছেন। পাথরঘাটা কলেজ থেকে এ বিক্ষোভ মিছিল বের করা হয়।

শেরপুর : শেরপুরের শ্রীবরদী উপজেলায় শ্রীবরদী এপি পাইলট ইন্সটিটিউশনের প্রধান শিক্ষক মো. মোজাফফর আলীর নেতৃত্বে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে বক্তৃতা করেন খান্দকার মাহমুদুল হক, রেজাউল করিম, নুরুল আমিন, মো. আবদুল মান্নান প্রমুখ।

পূর্বধলা (নেত্রকোণা) : পূর্বধলা উপজেলায় বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মো. আবদুল কদ্দুছের সভাপতিত্বে সমাবেশে শিক্ষকদের দাবির সঙ্গে একাত্মতা পোষণ করে বক্তৃতা করেন উপজেলা চেয়ারম্যান জাহিদুল ইসলাম সূজন।

কালকিনি (মাদারীপুর) : কালকিনি উপজেলায় বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এতে মোদাচ্ছের হোসেনের সভাপতিত্বে বক্তৃতা করেন কালকিনি সৈয়দ আবুল হোসেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. আশ্রাফুল রহমান, সৈয়দ আবুল হোসেন একাডেমির প্রধান শিক্ষক বিএম হেমায়েত হোসেন, শিক্ষক মনিরুজ্জামান সরদার প্রমুখ।

চাঁদপুর ও ফরিদগঞ্জ : মতলব উত্তর উপজেলা পরিষদ বটছায়ায় মো. শহীদ উল্লাহ প্রধান ও সাধারণ সম্পাদক সরকার আবুল কালাম আজাদের নেতৃত্বে মানববন্ধন কর্মসূচি শেষে সমাবেশ ও মিছিল করেছেন শিক্ষকরা। ঢালী কামরুজ্জামান হারুনের পরিচালনায় সমাবেশে বক্তৃতা করেন খান মো. মজলিশ, আমান উল্লাহ, আলমগীর হোসেন, ইমাম হোসেন, গোলাম হোসেন, জুলফিকার হায়দার প্রমুখ। ফরিদগঞ্জে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মিছিল শেষে উপজেলা পরিষদের সামনে এক পথসভায় সভায় বক্তৃতা করেন মিজানুর রহমান, মাওলানা সালাউদ্দিন, দেলোয়ার হোসেন প্রমুখ।

কুমিল্লা : ব্রাহ্মণপাড়ায় উপজেলা সদরের অটোরিকশা স্ট্যান্ড ও বাসস্ট্যান্ড চত্বরে এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। এতে বক্তৃতা করেন অধ্যক্ষ মো. নজরুল ইসলাম, গৌরাজ চন্দ্র দাস, জয়নাল আবেদীন সরকার প্রমুখ।